মেহেরপুর জেলা পুলিশের সচেতনতা মূলক অভিযান ও মাস্ক বিতরণ

মেহেরপুর জেলা পুলিশের উদ্যোগে করোনা মোকাবেলায় সচেতনতা অভিযান পরিচালনা করা হয়েছে। একই সাথে সাধারণ জনগনের মাঝে নিরাপত্তা সামগ্রী হিসেবে মাস্ক বিতরণ করা হয়েছে। সোমবার দুপুরে শহরের কলেজ মোড় এলাকায় এই প্রচারণা চালানো হয়।

সেই সাথে গন পরিবহন গুলোতে স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে ট্রাফিক পুলিশ ও গোয়েন্দা পুলিশ অভিযান চালিয়েছে।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা ট্রাফিক সার্জেন্ট পবিত্র বিশ্বাস, টিএসআই মোকারম হোসেন, সদর থানার এসআই ওবায়দুর রহমান, নায়েক ইব্রাহিমসহ জেলা পুলিশের কয়েকজন কনস্টেবল।

গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৪২ জনের মৃত্যু

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৪২ জনের মৃত্যু হয়েছে। এই সময়ে ২ হাজার ৭৩৫ জন শনাক্ত হয়েছেন বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদফতর।

এ নিয়ে দেশে মোট কোভিড-১৯ রোগী শনাক্ত হলেন ৬৮ হাজার ৫০৪ জন এবং মারা গেলেন ৯৩০জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৬৫৭ জন এবং মোট সুস্থ হয়েছেন ১৪ হাজার ৫৬০ জন। সোমবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে জানান, গত ২৪ ঘণ্টায় ১৩ হাজার ৯৬১টি নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে ১২ হাজার ৯৪৪টি নমুনা পরীক্ষা করে ২ হাজার ৭৩৫ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট আক্রান্ত ৬৮ হাজার ৫০৪ জন।

এ পর্যন্ত আক্রান্ত হওয়া রোগীদের মধ্যে লিঙ্গভেদে পুরুষ ৭১ শতাংশ ও নারী ২৯ শতাংশ।

ডা. নাসিমা জানান, গত ২৪ ঘণ্টায় মারা গেছেন ৪২ জন। এর মধ্যে পুরুষ ৩৩ জন ও নারী ৯ জন। এ নিয়ে মোট মারা গেলেন ৯৩০ জন।

এ পর্যন্ত যত কোভিড রোগীর মৃত্যু হয়েছে তার মধ্যে পুরুষ ৭৭ শতাংশ এবং নারী ২৩ শতাংশ।

তিনি আরও জানান, গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৬৫৭ জন এবং মোট সুস্থ হয়েছেন ১৪ হাজার ৫৬০ জন।

শনাক্তের তুলনায় সুস্থতার হার ২১ দশমিক ২৫ শতাংশ এবং মৃত্যুর হার ১.৩৬ শতাংশ।

ডা. নাসিমা জানান, বয়স বিশ্লেষণে ১১-২০ বছরের মধ্যে একজন, ২১-৩০ বছরের মধ্যে ৩ জন, ৩১-৪০ বছরের মধ্যে একজন, ৪১-৫০ বছরের মধ্যে ৭ জন, ৫১-৬০ বছরের মধ্যে ১০ জন, ৬১-৭০ বছরের মধ্যে ১২ জন এবং ৭১-৮০ বছরের মধ্যে ৪ জন, ৮১-৯০ বছরের মধ্যে ২ জন ও ও ৯১-১০০ বছরের মধ্যে ২ জন মারা গেছেন।

তিনি আরও জানান, বিভাগভিত্তিক বিশ্লেষণে দেখা গেছে, ঢাকা বিভাগে ২৫ জন, চট্টগ্রামে ৮ জন, সিলেটে একজন, রাজশাহীতে একজন, ময়মনসিংহে ২ জন, বরিশালে ২ জন, খুলনায় ২ জন ও রংপুরে একজন মারা গেছেন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে।

গত ২৪ ঘণ্টায় দেশে ২৭৩৫ জনের করোনা শনাক্ত

গত ২৪ ঘণ্টায় দেশে নতুন করে আরও ২৭৩৫ জনের শরীরে করোনাভাইরাসের (কোভিড-১৯) সংক্রমণ শনাক্ত হয়েছে। এ নিয়ে মোট আক্রান্ত দেশে ৬৮ হাজার ৫০৪ জন।

এছাড়া গত ২৪ ঘণ্টায় আক্রান্ত হয়ে আরও ৪২ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট মৃতের সংখ্যা দাঁড়ালো ৯৩০ জনে। এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন আরও ৬৫৭ জন। এ নিয়ে দেশে মোট সুস্থ হলেন ১৪ হাজার ৫৬০ জন।

আজ সোমবার দুপুরে করোনা পরিস্থিতি নিয়ে নিয়মিত স্বাস্থ্য বুলেটিনে স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা এ তথ্য জানান।

মেহেরপুরে করোনা প্রতিরোধে জেলা আওয়ামী লীগের লিফলেট বিতরণ

মেহেরপুর জেলা আওয়ামীলীগের উদ্যোগে করোনা মোকাবেলায় জন সচেতনতা মূলক লিফলেট করা হয়েছে।

সোমবার দুপুরে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে লিফলেট বিতরণের আনুষ্ঠানিক উদ্বোধন করেন জেলা আওয়ামীলীগের সহ সভাপতি আব্দুল হালিম।

এ সময় সেখানে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন। তিনি বলেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের নির্দেশে বাংলাদেশ আওয়ামী লীগ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে করোনা ভাইরাস প্রতিরোধে করণীয় শীর্ষক প্রচারণা

শুরু করেছি। সেই সাথে
“সরকারের নির্দেশনা মেনে চলি, হাত ধোয়ার অভ্যাস, করি মাস্ক ব্যবহার করি, হাঁচি-কাশির শিষ্টাচার মেনে চলি, সামাজিক দূরত্ব বজায় রাখি, পরিস্কার পরিচ্ছন্ন থাকি, মানবিক আচরণ করি, রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করি”। এসকল স্লোগান নিয়ে মেহেরপুরের প্রতিটি গ্রামে মাইকযোগে ও লিফলেট বিতরণের মাধ্যমে প্রচার করা হবে।

অন্যদের মধ্যে আওয়ামী লীগ নেতা শহীদ সাদেক হোসেন বাবুল, সিরাজুল ইসলাম, মোখলেসুর রহমান, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহ্বায়ক মতিউর রহমান মতি সহ আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ সেখানে উপস্থিত ছিলেন।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে স্কুল ছাত্রীর আত্মহত্যা

মেহেরপুরে শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৯ম শ্রেনীর নুরজাহান নামের একছাত্রী আত্মহত্যা করেছে। গতকাল রবিবার শোলমারী নিজ বাড়িতে প্রথমে বিষপান করে গলাই ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে। নুরজহান শোলমারী গ্রামের নুরইসলামের মেয়ে।

স্থানীয় সুত্রে জানা যায়, কিছুদিন আগে নিজের পছন্দে বিয়ে করে নুরজাহান। এরপর স্বামীকে নিয়ে বাপের বাড়ি অবস্থান করছিল নুরজাহান। গত রবিবার সকালে তার স্বামী ব্যক্তিগত কাজে নিজের বাড়িতে আসে। এরপর পরিবারের সাথে কলহের জের ধরে অভিমানে বিষপান ও একই সাথে গলাই ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে।
মেপ্র/এমএফআর

উদাসীন কর্মকর্তারা, সরকার হারাচ্ছে রাজস্ব

মেহেরপুর জেলা গাংনী উপজেলার চিৎলা ভিত্তি পাট বীজ খামারটি ৪০১ একর জমির উপর অবস্থিত। এখানে আলু, ধান, গম, পাটসহ বিভিন্ন শষ্যের বীজ উৎপাদন করা হয়। এই বিশাল আয়তনের খামারটি তে বিভিন্ন প্রজাতির মূল্যবান গাছপালা রয়েছে। কর্মকতাদের উদাসীনতার কারণে বর্তমানে কয়েক শত গাছ মারা যাওয়ায় সংরক্ষনের অভাবে নষ্ট হয়ে যাচ্ছে। এতে সরকার লক্ষ লক্ষ টাকা রাজস্ব হারাছে।

৮নং ধানখোলা ইউপি মেম্বার জাফর আলী জানান, লক্ষ লক্ষ টাকার গাছ মরে পচে মাটি হয়ে যাচ্ছে। আবার কিছু অসাধু শ্রমিকরা সুযোগ বুঝে চুরি করে নিয়ে যায়। দেখার কেও নেই বিগত সময়ে কর্মকর্তারা সুন্দর ভাবে দরপত্র আহবান মাধ্যমে বিক্রয় করিতেন বর্তমান যুগ্ম্ন-পরিচালক রেজাউল হুদা যোগদান করিবার পরে থেকে সরকারের লক্ষ লক্ষ টাকার সস্পদ নষ্ট হচ্ছে।

মেহেরপুর জেলা কৃষকলীগের সাধরণ সস্পাদক ওয়াসিম সাজ্জাদ (লিখন) জানান, যুগ্ম-পরিচালক রেজাউল হুদা যোগদানের পরে থেকে শত শত গাছ মরে দাঁড়িয়ে আছে। তাঁর উদাসীনকার কারণে সরকারের লক্ষ লক্ষ টাকার সস্পদ অবহেলায় নষ্ট হচ্ছে।

গাংনী পৌরসভার ১নং ওয়ার্ড কাউন্সিলর মিজানুর রহমান (মদন) জানান, শত শত গাছ মরে মাঠে দাঁড়িয়ে আছে আবার খামারে বাগানের ও গর্তে পড়ে পঁচে যাচ্ছে শত শত কাঠের খন্ড। আমি স্থানীয় জনপ্রতিনিধি হিসেবে বর্তমান যুগ্ম-পরিচালক রেজাউল হুদা কে বার বার সরকারের লক্ষ লক্ষ টাকা সস্পদ নষ্ট বিষয় আলোচনা করি কিন্ত দুর্ভাগ্যজনক হলেও সত্য এই কর্মকর্তার কেন যে কোন মাথ্যব্যথা নেই এটা আমার বোধগম নয়।

চিৎলা ভিত্তি পাট বীজ খামারে ভান্ডার রক্ষক শ্রী সনজিদ কুমার সাথে যোগাযোগ করিলে তিনি জানান, চিৎলা ভিত্তি পাট বীজ খামারের শত শত মরা গাছ আছে রেজিষ্টারে কোন হিসাব নেই।

চিৎলা ভিত্তি পাট বীজ খামারে যুগ্ম-পরিচালক রেজাউল হুদা সাথে করিলে যোগাযোগ করিলে তিনি জানান, খামারে মরা গাছ আছে অনেক। কিন্ত সরকারী গাছ বিক্রয় প্রক্রিয়া খুব কঠিন। তাই সাধারনত আমরা দায়িত্ব থাকা কর্মকর্তারা এই মরা গাছের দিকে তাকায় না।

আলমডাঙ্গায় পল্লী বিদ্যুতের ফিডারে ভয়াবহ আগুন

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির সঞ্চালন লাইনের আলমডাঙ্গা-১ সাব-স্টেশনের ২ নং ফিডারের পিটিতে ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। গতকাল দুপুরে হঠাৎ করে ফিডারে আগুন ধরে যায়। সংবাদ পেয়ে আলমডাঙ্গা ফায়ার সার্ভিসের দুইটি ইউনিট ঘটনাস্থলে পৌছে আগুন নিয়ন্ত্রনে আনে।

পল্লী বিদ্যুৎ সমিতির আলমডাঙ্গা জোনাল অফিসের এজিএম মনির হোসেন জানান, জেহালা ইউনিয়নের রোয়াকুলি রেলগেইট সংলগ্ন স্থানে পল্লী বিদ্যুতের সাব-স্টেশন অবস্থিত। রবিবার দুপুরে হঠাৎ করেই ২ নং ফিডারের পিটিতে আগুন লেগে যায়।

তিনি জানান, সংগে সংগে ফায়ার সার্ভিসকে খবর দিলে তাদের দুইটি ইউনিট ঘটনাস্থলে উপস্থিত হয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। কি কারনে আগুন লেগেছে তা তাৎক্ষনিক তিনি জানাতে পারেননি।

আলমডাঙ্গায় মাস্ক না পরায় ৪ জনকে জরিমানা

আলমডাঙ্গায় মাস্ক বিহীন চলাচলের জন্য ৪ জনকে ১৩’শ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। গতকাল রবিবার সকাল ১০টার দিকে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

আদালত সূত্রে জানা গেছে, করোনাভাইরাস সংক্রমণ রোধে মাস্ক পরিহিত অবস্থায় চলাচলে প্রশাসনের নির্দেশনা রয়েছে। কিন্ত অনেকেই সেই নির্দেশনা মানছে না। রবিবার সকাল ১০টার দিকে উপজেলা

সহকারীকমিশনার (ভূমি) শহরের বিভিন্ন স্থানে ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন।

এসময় দিদার আলীর ছেলে মিঠুকে ৫ শত টাকা, ইউসুফ আলীর ছেলে আনিসকে ৩ শত টাকা, আকবার আলীর ছেলে কামরুজ্জামানকে ৩ শত টাকা ও মনছুর আহমেদের ছেলে মহিবুলকে ২ শত টাকা জরিমানা করেন আদালত।

আলমডাঙ্গায় মেয়েকে রক্ষা করতে গিয়ে বখাটেদের মারপিটের শিকার হলেন পিতা

আলমডাঙ্গার আইলহাঁস গ্রামে বখাটেদের হাত থেকে মেয়েকে রক্ষা করতে গিয়ে মারপিটের শিকার হয়েছেন পিতা। গত শনিবার দিনগত মধ্যরাতে ওই ঘটনা ঘটে। এ ঘটনায় পুলিশ একজনকে গ্রেপ্তার করেছে। থানায় মামলা হয়েছে।

থানার ওসি (তদন্ত) মাসুদ রানা জানান, খবর পেয়ে ওই রাতেই ঘটনাস্থলে গিয়ে শিশিরদাড়ি গ্রামের আজিজুলের ছেলে সুজনকে আটক করা হয়েছে। তাকে জিজ্ঞাসাবাদ শেষে আদালতে সোপর্দ করা হয়েছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, শিশিরদাড়ি গ্রামের সাহাবুল নতুন বাড়ি করেছেন গ্রামের একটি ফাঁকা জায়গায়। ঘরের জানালা-দরজা এখনও লাগানো হয়নি। তার মেয়ে নবম শ্রেনীতে পড়াশোনা করছে। একই গ্রামের ৪/৫ জন বখাটে যুবক মেয়েটিকে নিয়মিত উত্যক্ত করে আসছিল।
সাহাবুল জানান, শনিবার রাতে তারা খাওয়া-দাওয়া শেষে ঘুমিয়ে পড়েন। মেয়ে ঘরের ভেতর আর তার ঘরের বারান্দায়। মধ্যরাতে মেয়ের চিৎকার চেচামেচিতে ঘুম ভাঙলে দেখা যায় গ্রামের চার যুবক তার মেয়েকে নিয়ে টানাহেচড়া করছে। তিনি বাঁধা দিতে গেলে তাদের হাতে থাকা টর্চলাইট দিয়ে মাথায় মারতে থাকে। এতে তিনি রক্তাক্ত আহত হন। তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হয়।

সাহাবুলের নির্যাতিতা মেয়েও বলেন, সে গ্রামের ওই চার যুবককে

চিনতে পেরেছে। তারা রাস্তায় স্কুলে যাওয়া-আসার পথে উত্যক্ত করতো।
সোমবার সাহাবুল থানায় শিশিরদাড়ি গ্রামের মোজাম আলীর ছেলে আশিকুর রহমান আশিক, একই গ্রামের আজিজুল হকের ছেলে সুজন মেকানিক, লেল্টু হোসেনের ছেলে কামাল, ও দাউদ হোসেনের ছেলে মিন্টুর নামে মামলা দায়ের করেছেন।

তবে এ ঘটনার পর গ্রামের কিছু লোক ঘটনা ভীন্ন খাতে দেওয়ার চেষ্টা করতে থাকে। তারা গ্রামে ছড়িয়ে দেয় আশিক নামের ছেলেটির সাথে ওই মেয়ের
প্রেমের সম্পর্ক রয়েছে। আশিক রাতে ওই মেয়ের কাছে গেলে বাকি তিনজন তাদেরকে হাতেনাতে ধরতে ওই বাড়িতে যায়। ওই পক্ষ এই মুখরোচক গল্প ছড়িয়ে মেয়ের পিতার সাথে আপোষ-মিমাংসারও চেষ্টা করে। তারা ২০ হাজার টাকার বিনিময়ে স্ট্যাম্পে স্বাক্ষরও করে নেয় বলে জানা গেছে। এতে আপোষ-মিমাংসা না হলে হুমকির ব্যবস্থাও খোলা রেখেছে তারা।

দর্শনা থানার ওসি সহ ১৬ জন করোনা ভাইরাসে আক্রান্ত

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার নতুন ওসি সহ মোট ১৬ জন করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে। গতকাল নমুনা পরিক্ষার পর নতুন ৬ জন পুলিশ করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে ।

এ নিয়ে দর্শনায় করোনা আক্রান্তের সংখ্যা দাড়ালো ১৬ জন। বতর্মান করোনা মহামারীতে সারাদেশে পুলিশ বাহিনী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তেমনি দর্শনা থানার নতুন ওসি মাহাব্ববুর রহমান কাজল সহ দর্শনা থানার সকল পুলিশ কঠোরভাবে দায়িত্ব পালন করছেন আর এই দায়িত্ব পালন করতে গিয়েই থানার ১৪ জন করোনা পজিটিভ হয়েছে।

দর্শনাতে ১৬ জনের মধ্যে দর্শনা থানা পুলিশই ১৪ জন। প্রাণঘাতী করোনা ভাইরাসে আক্রান্তরা হলেন দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান কাজল, ইন্সপেক্টর (তদন্ত) শেখ মাহবুবুর রহমান,